

কোভিড-19 টিকা এখন 75 বা তার বেশি বয়সীদের জন্য উপলব্ধ

- যাদের বয়স 75 বা তার বেশি তারা এখন কোভিড-19 টিকার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন।
- টিকা কেন্দ্র ও অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট বুক করতে www.mass.gov/COVIDVaccineMap-এ গান।
- টিকা বিনামূল্যের। আপনাকে কখনও পেমেন্ট করতে বা ক্রেডিট কার্ডের নম্বর দিয়ে বুক করতে বলা হবে না।
- টিকা সরবরাহ খুব সীমিত থাকার কারণে, অ্যাপয়েন্টমেন্টের সময় স্থির করতে আপনাকে কয়েক সপ্তাহ অপেক্ষা করতে হতে পারে।
- প্রশ্ন ও সাহায্যের জন্য, ম্যাসাচুসেটস কোভিড-19 হটলাইন নম্বর 2-1-1 এ ফোন করুন।

অ্যাপয়েন্টমেন্ট বুক করতে আপনার কী লাগবে

- আপনার পুরো নাম, জন্ম তারিখ, ইমেল ঠিকানা, ফোন নম্বর, বাড়ির ঠিকানা প্রদান করুন।
- স্বাস্থ্য বিমার তথ্য (আপনার কার্ড ও পলিসি নম্বর প্রস্তুত রাখুন)।
- একগুচ্ছ স্বাস্থ্য সম্পর্কিত প্রশ্নের উত্তর দিন।
- ফসম্ভ্বতি ও প্রত্যায়িত ফর্ম ছাপান এবং/অথবা সহ করুন।

অ্যাপয়েন্টমেন্ট আপনাকে কী আনতে হবে

- টিকা ব্যবস্থায় আপনার নাম ঘাচাই করতে আপনার নামের কোনো পরিচয় থাকলে সেটি আনুন।
- আপনার স্বাস্থ্য বিমার কার্ড থাকলে সেটি আনুন। আপনার বিমা আপনার থেকে অর্থ নেবে না। টিকা পেতে আপনার বিমা থাকা আবশ্যিক নয়।
- আপনি ছাপাতে পারলে আপনার প্রত্যায়িত ফর্ম। আপনি যখন কেন্দ্রে আসবেন তখন সেখানে প্রত্যায়িত ফরম পাবেন।

স্থানীয় টিকাদান কেন্দ্রে বিনামূল্যের নিরাপদ পরিবহন উপলব্ধ

- সোমারভিলি-কেমব্ৰিজ এন্ডার সার্ভিসেস (Somerville-Cambridge Elder Services, SCES) স্থানীয় 75 বছরের বেশি বয়সীদের নিকটবর্তী কোভিড-19 টিকাদান কেন্দ্রে যাওয়ার জন্য বিনামূল্যে পরিবহন দিচ্ছে।
- SCES টিকাদান পরিবহন প্রকল্প সম্পর্কে আরো জানতে বা যাত্রার জন্য রেজিস্ট্র করতে, SCES-কে কল করুন 617-628-2601 নম্বরে অথবা info@eldercare.org-এ ইমেল করুন।

বর্তমানে উপলব্ধ কোভিড-19 টিকা নিরাপদ ও কোভিড-19 মোকাবেলায় খুব কার্যকরি।

স্ক্যাম থেকে নিজেকে সুরক্ষিত রাখুন

কেমব্ৰিজের বাসিন্দাদের টিকা সম্পর্কিত কোনো জালিয়াতির শিকার হওয়ার বিষয়ে আমরা অবগত নই, জালিয়াত দেশজুড়ে নকল কোভিড-19 টিকা সংরক্ষণের বিনিময়ে অর্থ নিয়েছে বলে জানা গেছে।

অনুগ্রহ করে মনে রাখবেন:

- টিকাদানের তালিকায় নাম লেখাতে আপনাকে অর্থ দিতে হবে না।
- আগে টিকা পেতে আপনাকে অর্থ দিতে হবে না।
- কেউ যদি আপনাকে কল, টেক্সট বা ইমেল টিকা সম্পর্কে বলে আপনার সোশ্যাল সিকিউরিটি, ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা ক্রেডিট কার্ডের নম্বর জানতে চাই তাহলে, সোটি ভুয়ো।

প্রশ্ন ও নির্ণয় তথ্য জানতে, কেমব্ৰিক সিটি ভ্যাকসিন
ইনফৱেশন লাইনে ফোন করুন: **617-349-9789**

